



“জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)” শীর্ষক প্রকল্প

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

www.bhtpa.gov.bd

স্মারক নং-৫৬.০২.০০০০.০০৯.০৩.০০২.১৭-০৬

তারিখ: ০৫/০৭/২০১৭ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)” শীর্ষক প্রকল্পের প্রকল্প মেয়াদ কালীন (জুন-২০২০ পর্যন্ত) সময়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	সর্বসাকুল্যে মাসিক বেতন	যোগ্যতা
১	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	৬	২৭,১০০/-	ক) সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (সিভিল) পরীক্ষায় কমপক্ষে সিজিপি ৩.০০ পেয়ে উত্তীর্ণ ; খ) আইসিটি এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে;
২	উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)	৬	২৭,১০০/-	ক) সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা (ইলেকট্রিক্যাল) পরীক্ষায় কমপক্ষে সিজিপি ৩.০০ পেয়ে উত্তীর্ণ ; খ) আইসিটি এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে;
৩	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	১	২৭,১০০/-	ক) যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীতে উত্তীর্ণ ; খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ ও এমএস অফিস বিষয়ে চমৎকার জ্ঞানসম্পন্ন হতে হবে ;
৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৬	১৯,৬০০/-	ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ ও এমএস অফিস বিষয়ে চমৎকার জ্ঞানসম্পন্ন হতে হবে ; গ) বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে ২০-২০ শব্দের গতিসম্পন্ন ;
৫	ক্যাশিয়ার	১	১৯,৬০০/-	ক) বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; খ) কম্পিউটার পরিচালনায় দক্ষ ও এমএস অফিস বিষয়ে চমৎকার জ্ঞানসম্পন্ন হতে হবে ;
৬	ওয়ার্ক এসিস্টেন্ট	১২	১৬,৮৮০/-	ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;
৭	ড্রাইভার	৫	১৬,৮৮০/-	ক) অষ্টম শ্রেণী পাশ ; খ) হালকা/মাঝারি যান চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;

আবেদনপত্রের নমুনা ফরম বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.bhtpa.gov.bd) পাওয়া যাবে।

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী :

- আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।
- ০৩ আগস্ট ২০১৭ তারিখে প্রার্থীর বয়স ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও তার সন্তান সন্ততির জন্য বয়সের ক্ষেত্রে সরকারী বিধি বিধান প্রযোজ্য হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/ মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদ পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান/ জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র প্রেরণে খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৭/- (সাত) মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।
- প্রকল্প পরিচালক, “জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)” শীর্ষক প্রকল্প এর অনুকূলে পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে উক্ত পদের জন্য সোনালী ব্যাংক ট্রেজারী শাখার কোড নং ১-২৮০৫-৩০৩২-২৬৮১ এ জমা প্রদান করে চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- সকল আবেদনপত্র প্রকল্প পরিচালক, “জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)” শীর্ষক প্রকল্প, আইসিটি টাওয়ার (১০ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর ০৩-০৮-২০১৭ তারিখের মধ্যে ডাক/কুরিয়ারযোগে পাঠাতে হবে। হাতে হাতে/সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবে না।



(মোঃ শফিক উদ্দীন ভূঁইয়া)
সহকারী প্রকল্প পরিচালক